

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন এর কাছে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন পেশ করেন কাউন্সিলের চেয়ারম্যানসহ চার জন পূর্ণকালীণ সদস্য ও কাউন্সিল সচিব ।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ সাহাবুদ্দিন এর সাথে গত ০১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকায় সৌজন্য সাক্ষাত করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, চারজন পূর্ণকালীন সদস্য জনাব ইসতিয়াক আহমদ, প্রফেসর ড. মো: গোলাম শাহি আলম, প্রফেসর ড. গুলশান আরা লতিফা, প্রফেসর ড. এস. এম. কবীর এবং কাউন্সিল সচিব প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যানের নেতৃত্বে চার জন পূর্ণকালীণ সদস্য ও কাউন্সিল সচিব মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি গ্রহণপূর্বক কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন পেশ করেন।

দেশের উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে দেশের সরকারি ও বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান সমূহ এবং উক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষা কার্যক্রমকে অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে প্রণীত বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন, ২০১৭ মহান জাতীয় সংসদে অনুমোদন লাভের পর বিগত ১৭ মার্চ, ২০১৭ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতিক্রমে সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হয়। উক্ত আইনের আওতায় আগস্ট ২০১৮ সালে চেয়ারম্যান নিয়োগের মাধ্যমে কার্যক্রম শুরু হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষে ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থ বছরের প্রথম বার্ষিক প্রতিবেদন একীভূত করে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল কর্তৃক প্রকাশ করা হয়েছে এবং তৎকালীন মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য জনাব মো:আবদুল হামিদ এর নিকট পেশ করা হয়েছে। এ ধারাবাহিকতায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হয়।